পুন:বিজ্ঞপ্তি

তারিখ: ০৮, জুন ২০২৪

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নামে প্রতারক চক্রের দ্বারা ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি ফেসবুক সহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তিটিতে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম, মনোগ্রাম এবং রেজিস্ট্রারের নাম সহ ভুয়া স্বাক্ষর ব্যবহার করা হয়েছে যা সম্পূর্ণ বেআইনি এবং আইনত দণ্ডনীয় অপরাধ। প্রতারক চক্রের দ্বারা প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে এবং বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হচ্ছে। তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আইনি পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছে।

এখানে উল্লেখ্য যে, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে কৃষি গুচ্ছের আওতায় শিক্ষার্থী ভর্তি করা হবে এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। জনবল নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (www.kuriau.edu.bd) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। আরো উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সকল তথ্যাদি প্রতিনিয়ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে হালনাগাদ করা হচ্ছে।

সার্বিক অবস্থায়, সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের প্রতি সদয় দৃষ্টি রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে এবং প্রতারক চক্রের মাধ্যমে প্রকাশিত তথ্যের ভিত্তিতে নিয়োগ সংক্রান্ত যে কোন ধরনের প্ররোচনায় বা প্রতারণায় বিভ্রান্ত না হওয়ার জন্য আবারো অনুরোধ জানানো যাচ্ছে।

কর্তৃপক্ষের আদেশক্রমে-
স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
কুড়িগ্রাম।